কালের কণ্ঠ

তারিখ 19 JUL 2017
পৃষ্ঠা 2 কলাম ১

# ‘ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস গ্লোবাল অ্যাওয়ার্ড’ পাচ্ছেন শিক্ষামন্ত্রী নাহিদ

নিজস্ব প্রতিবেদক ▷



ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস গ্লোবাল অ্যাওয়ার্ড ২০১৭-এর জন্য মনোনীত হয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। শিক্ষা ক্ষেত্রে অসামান্য অবদানের স্বীকৃতি হিসেবে তাঁকে এ অ্যাওয়ার্ড দেওয়া হচ্ছে। আগামী ২৩ নভেম্বর থেকে ২৪ নভেম্বর মুম্বাইয়ে অনুষ্ঠেয় ষষ্ঠ ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস সম্মেলনে তাঁকে এ পুরস্কার দেওয়া হবে। গতকাল মঙ্গলবার শিক্ষা মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, বিপুল সংখ্যক মানুষের জীবন পরিবর্তনে ভূমিকা রাখা এবং সামাজিক মূল্যবোধ পরিবর্তনে অবদান রাখতে সক্ষম ব্যক্তিদের এই অ্যাওয়ার্ড প্রদান করা হয়। শিক্ষা ক্ষেত্রে নেতৃত্ব ও অবদানের স্বীকৃতি হিসেবে ব্যক্তিগত ক্যাটাগরিতে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ পুরস্কার পাচ্ছেন। ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেসের জুরি ও কাউন্সিল অব বোর্ড মেম্বার্স ২৩ নভেম্বর শিক্ষামন্ত্রীর হাতে এ পুরস্কার তুলে দেবেন। অ্যাওয়ার্ড হিসেবে একটি ট্রফি ও সম্মাননাপত্র প্রদান করা হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর